বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)
বিএসএল অফিস কমপ্লেক্স-২ (তৃতীয় তলা)
১, মিন্টু রোড, রমনা, ঢাকা-১০০০
www.bac.gov.bd

নং-বিএসি/বগমাপ্র/২০২২-২৩/২০২২-

তারিখ: ১৭ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

দেশের উচ্চ শিক্ষার মান নিশ্চিতকরণে কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা প্রস্তাব আহ্বান

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) দেশের উচ্চ শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণে কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে জ্ঞান আহরণ ও সৃজনের জন্য গবেষণা পরিচালনা করে। ২০২২-২৩ অর্থ-বছরে গবেষণা পরিচলনার জন্য দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ও গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক ও গবেষকগণের নিকট থেকে গবেষণা প্রস্তাব আহ্বান করা হচ্ছে। আগ্রহী গবেষকগণের জন্য প্রয়োজনীয় তথ্যাবলি:

১. বিএসি'র ওয়েবসাইটে (www.bac.gov.bd) প্রদত্ত ফরমেট (বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২২ এর পরিশিষ্ট ক) অনুসরণ করে প্রস্তুতকৃত গবেষণা প্রস্তাব ২০/০৩/২০২২ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে অফিস সময়ে সরাসরি অথবা ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর নিকট বিএসএল অফিস কমপ্লেক্স-২ (তৃতীয় তলা) ১, মিন্টু রোড, রমনা, ঢাকা-১০০০ ঠিকানায় পৌঁছাতে হবে।

২. গবেষককে এককভাবে গবেষণা সম্পাদনে উদ্বুদ্ধ করা হচ্ছে, তবে যৌথভাবেও গবেষণা সম্পাদন করা যাবে। ক্ষেত্রমতে, অবসরপ্রাপ্ত বা বিদেশে অবস্থানকারী কোনো গবেষক বাংলাদেশে কর্মরত কোনো গবেষকের সাথে যৌথভাবে প্রস্তাব প্রেরণ করতে পারবেন। এছাড়াও প্রকল্প চলাকালে গবেষক মনে করলে বিএসি'র অনুমতিক্রমে একজন সহযোগী গবেষক ও একজন গবেষণা সহকারী নিয়োগ দিতে পারবেন।

৩. প্রস্তাব মূল্যায়নের ক্ষেত্রে গবেষণা প্রস্তাবের বিভিন্ন অংশের মধ্যে যৌক্তিক সংহতি, বক্তব্যের গভীরতা ও স্পষ্টতা, বিএসি'র কার্যাবলি ও গবেষণা পরিচালনার উদ্দেশ্যের সাথে সম্পৃক্ততা, গবেষকের সংশ্লিষ্ট কাজের দক্ষতা ও অভিজ্ঞতা ইত্যাদি বিবেচনায় নেয়া হবে।

৪. গবেষকগণ গবেষণা নীতিমালার পরিশিষ্ট-খ তে বর্ণিত ক্রমিক ৯ থেকে ২০ অনুসরণ পূর্বক প্রকল্পের কর্মপরিকল্পনা এবং গবেষণা নীতিমালার পরিশিষ্ট-ক, পার্ট-সি অনুসরণ পূর্বক প্রকল্পের বাজেট প্রণয়ন করবেন।

৫. গবেষকগণ প্রকল্প প্রস্তাবের সাথে বিএসি'র গবেষণা নীতিমালার পরিশিষ্ট ক এর পার্ট ই তে প্রদত্ত ফরমেটে তৈরিকৃত জীবন বৃত্তান্ত সংযুক্ত করবেন।

৬. গবেষণা প্রস্তাব অবশ্যই গবেষকের কর্মরত প্রতিষ্ঠান প্রধানের প্রতিস্বাক্ষরে প্রেরণ করতে হবে।

৭. সকল ক্ষেত্রেই গবেষকগণকে 'বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা ২০২২' যথাযথভাবে অনুসরণ করতে হবে।

গবেষণা প্রস্তাব দাখিল সংক্রান্ত বিষয়ে অতিরিক্ত তথ্যের প্রয়োজনে গবেষকগণ নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে পারবেন।

৩১/০১/২০২২

মোহাম্মদ তাজিব উদ্দিন
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
বহিঃসম্পর্ক, গবেষণা, মানদণ্ড ও প্রকাশনা বিভাগ
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল
ফোন- ০২২২২২২৪১৬৯
ইমেইল-mtazibu@gmail.com

সাইজ:৭x৪কলাম